



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd

এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০০৬.২১.১৪৫

তারিখ: ১২ চৈত্র ১৪২৮

২৬ মার্চ ২০২২

বিষয়: বায়ু বিদ্যুৎ কেন্দ্রের সম্ভবতা যাচাইয়ের জন্য টাওয়ার নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসংগে।

সূত্র: নং-০০১০২২/২০২২, তারিখ:-২৭/০২/২০২২খ্রিঃ।

০১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে কক্সবাজার বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	কক্সবাজার বিমানবন্দরের এরোডাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
(ক)	ভৌগলিক স্থানাংক: ২১ডিগ্রী ৩০মিনিট ৪২.৫৮সেকেন্ড উত্তর, ৯২ডিগ্রী ০৪মিনিট ৩০.৭৫সেকেন্ড পূর্ব, মৌজা-বহলতলী, দাগ নং-৫৬০, ৫৬১, উপজেলা-চকরিয়া, জেলা-কক্সবাজার।	৪০০(চারশত)ফুট

০২। বায়ু বিদ্যুৎ কেন্দ্র/স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবেঃ

(ক) বায়ু বিদ্যুৎ কেন্দ্র/স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(খ) নির্মাণ কাজের জন্য ফ্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।

(গ) স্থাপনা/ভবনের চুঁড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।

(ঘ) বায়ু বিদ্যুৎ কেন্দ্রের সম্ভবতা যাচাই শেষে টাওয়ার অপসারণের পূর্বক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করতে হবে।

০৩। কক্সবাজার বিমানবন্দরের এরোডাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্মাণ স্থানের এলিভেশন ১২ ফুটের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।

০৪। নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে বায়ু বিদ্যুৎ টাওয়ার/স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।

০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

২৬-৩-২০২২

মোঃ মাসুদ রানা
উপ-পরিচালক (এটিএম)

চেয়ারম্যান, ১৭নং-খুটাখালী ইউনিয়ন পরিষদ, উপজেলা-
চকরিয়া, জেলা-কক্সবাজার


স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০০৬.২১.১৪৫/১(২)

তারিখ: ১২ চৈত্র ১৪২৮
২৬ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল
কর্তৃপক্ষ(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২) জনাব আবদুল্লাহ, প্রকল্প পরিচালক, গ্লোবাল রিনিউএবল এনার্জি লিঃ, 10B. 31/C/1, Samsun
Nahar Complex, Topkhana Road, Dhaka-1000.



২৬-৩-২০২২

মোঃ মাসুদ রানা
উপ-পরিচালক (এটিএম)